# দিঘলিয়া উপজেলা পরিষদের আগস্ট/২০২১মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-০৮/২০২১)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৬ আগস্ট ২০২১, বৃহস্পতিবার

সময় : বিকাল ১২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জুলাই ২০২১, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জুলাই ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২১ মাসে ০৮টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। তিনি আরো জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১০ আগস্ট ২০২১ খ্রি: তারিখের ৫১২ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক ২০২১-২০২২ অর্থবছর থেকে উপজেলা পরিষদ চেয়ারম্যানদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী ব্যয়/খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য নির্দেশ প্রদান করেছেন। এছাড়া স্থায়ী কমিটি সমূহের গঠন ও কার্যপরিধি কিছুটা পরিবর্তন করা হয়েছে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন এবং স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক এখন হতে উপজেলা পরিষদের জীপগাড়ি জ্বালানী/খরচ উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহের এবং নতুন নির্দেশনামতে স্থায়ী কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জুলাই/২০২১ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ৯,৭৭,১৫৯,/৯৩<br>সর্বমোট ব্যয়- ১,৯৪,৩০৯ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সুপারিশ | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, শোকাবহ আগষ্ট মাসে ১৫ আগষ্ট উদযাপনের নানাবিধ কর্মসূচী ইতঃমধ্যে পাওয়া গেছে। স্বাস্থ্য বিধি মেনে উক্ত কর্মসূচি সমূহ শিক্ষা অফিসসহ নিয়ন্ত্রনাধীণ সকল শিক্ষা প্রতিষ্ঠানে পালনের বিস্তারিত বিবরণ তুলে ধরেন উপজেলা শিক্ষা অফিসার। তবে তিনি জানান ৪৩ জন ছাত্র ছাত্রী পাঠদানের সকল ডিজিটাল সুবিধা থেকে বঞ্চিত আছে। সুবিধা বঞ্চিত এসকল শিক্ষার্থীদের সর্বপ্রকার সহযোগিতা দিয়ে কিভাবে এদের ডিজিটাল সুবিধার আওতায় আনা যায় সে বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন সভাপতি। কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের বিদ্যালয় ভিত্তিক ছাত্র সংখ্যা নির্ধারণ করে দেয়া হয়েছে। আর শিক্ষকগণ যাতে তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করে সে জন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণকে মনিটরিং করার নির্দেশনা দেয়া হয়েছে। সভাপতি সভাকে অবহিত করেন যে, সরকারের মূল উদ্দেশ্য হচ্ছে শিশুরা যাতে বইয়ের পৃষ্ঠা থেকে অন্যদিকে মনোসংযোগ না ঘটাতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস/২০২১ শোকাবহ আগস্ট মাসে ১৫ আগস্ট উদযাপনের নানাবিধ কর্মসূচি স্থানীয় প্রশাসনের সাথে তাল মিলিয়ে যাতে সুন্দর এবং সফলভাবে পালনের এবং ডিজিটাল সুবিধা বঞ্চিত শিক্ষার্থীদের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা মহিলা বিষায়ক কমিটির | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, আগামী ০৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা এঁর জন্ম বার্ষিকী উদযাপনের নির্দেশনা পাওয়া গেছে। ২০২১-২২ অর্থবছরের ভিজিডি খাদ্যশস্য এবং খাদ্যশস্য পরিবহণ ব্যয় পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে ইউপি চেয়ারম্যানদের বরাবর খাদ্যশস্য ছাড় করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন করে দাপ্তরিক কার্য পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো স্থায়ী কমিটি সুপারিশ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিলের আওতায় অত্র উপজেলায় ১ম কিস্তি ২২,২৮,০০০ টাকার বরাদ্দ পাওয়া গেছে । উক্ত বরাদ্দকৃত টাকার উপর ভিত্তি করে সম্ভব্য ৪র্থ কিস্তি পর্যন্ত স্কীম গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং দপ্তর প্রধান গণকে স্কীম দাখিল করার জন্য অনুরোধ জানানো হয় । তাছাড়া অত্র উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজগুলো যাতে দ্রুত বাস্তবায়ন করা যায় সে ব্যপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় । | সভায় এ ব্যপারে বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প গ্রহণের স্কীমসমূহ দাখিল পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যায় সে ব্যপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটির | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় সকলকে সচেতন/সতর্ক হতে হবে। কারো উপসর্গ দেখা দিলে তাকে র‍্যাপিড এ্যান্ট্রিজেন টেস্ট এর জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দিঘলিয়া, খুলনায় পরীক্ষা করতে | কমিউনিটি ক্লিনিকের জন্য খাস জমি অবমুক্ত করা ও হাসপাতালে আগত রোগীসহ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | সুপারিশ | আসার জন্য সদস্য সচিব ডাঃ মোঃ মাহবুবুল আলম সকলকে পরামর্শ প্রদান করেন। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, দিঘলিয়া, খুলনা এর আওতাধীন সেনহাটী ০৩ নং ওয়ার্ডে আশ্রায়ন প্রকল্পের পাশে খাস জমিতে একটি কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠার জন্য ০৮ (আট) শতক জমি অবমুক্ত করা প্রয়োজন। এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের জন্য উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। সদস্য সচিব মহোদয় আরো বলেন যে, অনুরূপ বারাকপুর ইউনিয়নের ০৩ (তিন) নং ওয়ার্ডে আরো একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনের জন্য ০৮ (আট) শতক জমি অবমুক্ত করা প্রয়োজন। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারী এবং হাসপাতালে আগত রোগী ও অন্যান্যদের সাইকেল/ মটরসাইকেল নিরাপদে রাখার জন্য একটি সাইকেল গ্যারেজ নির্মাণ করা প্রয়োজন। তিনি বলেন আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও কমিউনিটি ক্লিনিকের পিছনের গর্ত ও নিচু স্থানে দ্রুত মাটি ভরাট করা প্রয়োজন অন্যথায় যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। তিনি দিঘলিয়া উপজেলায় ডেঙ্গুজ্বর প্রতিরোধে সকলকে সতর্ক ও সচেতন থাকা এবং কর্মস্থল, বাসস্থান ও বাসস্থানের চারপশে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য আহবান জানান। এছাড়া হাসপাতালের পুরাতন ভবনের দুইটি ওয়ার্ডে বিমে ফাটল দেখা দিয়েছে। জরুরী ভিত্তিতে ফাটল মেরামত করার পাশাপাশি করোনা ইউনিটে একটি পার্টিশন স্থাপন করা প্রয়োজন | কর্মকর্তা কর্মচারীদের সাইকেল মটর সাইকেল রাখার জন্য একটি গ্যারেজ নির্মাণ করাসহ কমিউনিটি ক্লিনিকের সংযোগ সড়ক নির্মাণ এবং নিচু স্থান গুলো মাটি দ্বারা ভরাট করাসহ পুরাতন ভবনের দুইটি ওয়ার্ডে বিমের ফাটল জরুরী ভিত্তিতে মেরামত করা ও করোনা ইউনিটে একটি পার্টিশন স্থাপন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী অফিসার, ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা মুক্তিযোদ্ধা স্থায়ী কমিটি সুপারিশ | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বাদ পড়া বীর মুক্তিযোদ্ধাগন MIS এ অন্তর্ভূক্ত হওয়ার জন্য আবেদন করেছেন। তিনি বলেন ২০২০-২০২১ অর্থবছরে দ্বিতীয় ধাপে ১৫২টি উপজেলা শতভাগ ভাতার আওতায় এসেছে। তন্মধ্যে দিঘলিয়া উপজেলা আছে। এক্ষেত্রে যোগ্য ভাতাভোগীদের অনলাইনে আবেদন করতে বলা হয়েছে। অনলাইনে আবেদন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, উপজেলা ডিজিটাল সেন্টার ও যে কোন স্থানে কম্পিউটারে অনলাইনে আবেদন করা যাবে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | সভায় উপজেলা প্রানিসম্পদ অফিসার জানান যে, বর্তমানে গবাদি পশু ও হাঁস-মুরগীর সংক্রামক রোগের প্রাদুর্ভাব অনেক বেড়ে গেছে। বিশেষ করে ক্ষুরা রোগের পাশাপাশি লাম্পি স্কিন ডিজিজে বেশ আক্রান্ত হচ্ছে। এমতাবস্থায় ক্ষুরা রোগের ভ্যাকসিন প্রয়োগ করা ও খামার গুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার করা একান্ত প্রয়োজন। এ ব্যাপারে খামারী ও কৃষকদের প্রশিক্ষণ খুবই জরুরী। সরকারী বরাদ্দ না থাকায় কৃষকদের ও খামারীদের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হচ্ছে না। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাইকার অর্থায়নে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা মৎস্য দপ্তর | সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান যে, আগামী ২৮ আগস্ট থেকে ০৩ সেপ্টেম্বর জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপিত হবে। তিনি বলেন ২৯ আগস্ট ১১ ঘটিকায় উপজেলা পরিষদের পুকুরে পোনা অবমুক্তির মাধ্যমে মৎস্য সপ্তাহের শুভ উদ্বোধন অনুষ্ঠানে সকলের উপস্থিতি একান্তভাবে কাম্য। তিনি আরো জানান গত ২৪ আগস্ট দিঘলিয়া উপজেলার ১৫ টি প্রাতিষ্ঠানিক ও ০১ টি উন্মুক্ত জলাশয়ে সর্বমোট ৩১২ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। | সভায় মৎস্য সপ্তাহ যথাযথভাবে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | চেয়ারম্যান যোগীপোল ইউপি | সভায় ভারপ্রাপ্ত চেয়ারম্যান যোগীপোল ইউপি জানান যে, তার ইউনিয়ন পরিষদের অবকাঠামোর পরিস্থিতি খুবই খারাপ যে কোন সময় ছাদের ফাটল ধসে সেবা নিতে আসা জনসাধারন আহত হতে পারে। সে কারনে তিনি ইউনিয়ন পরিষদের অবকাঠামো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি ফুল বাড়ি গেট ৪ নং ওয়ার্ডের আমতলা পুকুর পাড়ে ঘাটলা নির্মাণ ও পুরাতন কুয়েট রোডের ড্রেন নির্মাণের জন্য অনুরোধ করেন। | সভায় এ বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে অবকাঠামোসহ অন্যান্য কাজ গুলি বাস্তবতার ভিত্তিতে প্রকল্প গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১২ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি, | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, উপজেলা হাসপাতালের অভ্যন্তরে যে ফাঁকা জায়গায় ঘাস জন্মানোর ফলে মশার উপদ্রব বাড়ছে। তিনি বানিজ্যিকভাবে ঘাসের চাষ বন্ধের আহবান জানান। হাসপাতালে এবং কমিউনিটি ক্লিনিকে ঔষধ মানুষ ঠিকমত পায়না অভিযোগ করে এসব জায়গায় কঠোর নজরদারী করার আহবান জানান। পাশাপাশি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগনকে ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের ফাঁকা জায়গায় যাতে ঘাস না জন্মায় সে দিকে খেয়াল রাখতে হবে। ক্লিনিকে ঔষধ ঠিকমত মানুষ যাতে পায় সেটি নিশ্চত করাসহ সকল দপ্তরের কর্মকর্তাগনকে ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবাপ পরিকল্পনা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট দপ্তর সমূহ, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা জাইকার প্রতিনিধি | সভায় উপজেলা ডেভলেপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, নতুন অর্থবছরে জাইকা হতে প্রশিক্ষনের জন্য ১০ লক্ষ টাকা এবং সাধারনের জন্য ৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বিগত দুই অর্থবছরের কিছু কাজ এখনো বাকী রয়েছে। ১টি প্রকল্পের টেন্ডার জুলাই মাসে আহবান করা হয়েছে। নতুন অর্থবছরে সকল প্রকল্প নিয়মমাফিক এবং দ্রুত নির্ধারনের জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরো জানান ২০১৮-১৯ অর্থবছরের আওতাধীন বারাকপুর ইউনিয়নে কৃষি উন্নয়নের জন্য সর্বজনীন মা মন্দির হতে মাঠ অভিমূখে পাকা ড্রেন নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া সেনহাটি ইউনিয়নের হাজীগ্রামের জলাবদ্ধতা নিরাসনের লক্ষে পানি নিস্কাসনের জন্য দুইটি ড্রেনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে টেন্ডার হওয়া প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ডেভলেপমেন্ট ফ্যাসিলিটেটর. দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, হঠাৎ নদীর পানির উচ্চতা বেড়ে যাওয়ায় দিঘলিয়ার সরদার ঘাট এলাকায় অবস্থিত আশ্রয়ন প্রকল্পের ১০টি ঘরের সামনে খালের পাড়ে জরুরী ভিত্তিতে ড্রামসিট প্যালাসাইটিং করা একান্ত প্রয়োজন। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্নস্থানে আনসার ব্যারাক নির্মাণের নির্দেশনার প্রেক্ষিতে পুরাতন গ্যারেজের ফাঁকা জায়গায় আনসার ব্যারাক নির্মাণ করা যেতে পারে এবং বাসভবনের সীমানা প্রাচীরের ভাঙ্গা অংশ ব্যারাকের ওয়ালের সাথে সমন্বয় করে মেরামত করা | সভায় বিস্তারিত আলোচনান্তে সরদার ঘাটে অবস্থিত আশ্রয়ণ প্রকল্পে সামনে ড্রামস্টি, প্যালাসাইডিং এবং আনসার ব্যারাক এর প্রাক্কলন অনুয়ায়ী নির্মাণ কাজ সম্পন্ন, ওয়াল | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>প্রয়োজন। আনসার সদস্যদের রাতে টহল দেওয়ার সুবিধার্থে বাসভবনের পিছনের অংশে ওয়াকওয়ে নির্মাণ করা জরুরী।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে দিঘলিয়ার সরদার ঘাট এলাকায় অবস্থিত আশ্রয়ন প্রকল্পের ১০টি ঘরের সামনে খালের পাড়ে জরুরী ভিত্তিতে ড্রামসিট প্যালাসাইটিং এর কাজটি উপজেলা অপ্রত্যাশিত খাত হতে দ্রুত সম্পন্নের জন্য প্রাক্কলন ও বাস্তবায়ন কমিটি প্রস্তুত করা হয়েছে যা অনুমোদনের প্রয়োজন। প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরুপ।
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম</th><th>ঠিকানা</th><th>প্রকল্প কমিটির পদবী</th></tr>
<tr><td>০১</td><td>শেখ মমতাজ শিরীন</td><td>ভাইস চেয়ারম্যান (মহিলা)</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>খান ইমরান হোসেন</td><td>ইউপি সদস্য দিঘলিয়া</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>০৩</td><td>মোওলানা আব্দুল্লা</td><td>ইমাম</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>মোঃ ফরহাদ</td><td>আনসার ভিডিপি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মোঃ আযম মোড়ল</td><td>সমাজ সেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬</td><td>মোঃ সিরাজুল ইসলাম</td><td>শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭</td><td>রিনা পারভীন</td><td>সমাজকর্মী</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>মেরামত ও আনসার সদস্যদের রাত্রি কালীন পাহারার জন্য ওয়াকওয়ে নির্মাণ করার এবং প্রস্তাবিত প্রকল্প কমিটির মাধ্যমে দ্রুত প্যালাসাইটিং এর কাজটি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।</td>
<td>সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, এলজিইডি অফিস ও নির্বাচন অফিসের ব্যবহারের জন্য ২ টি কাঠের টেবিল, বেঞ্চ ও কয়েকটি চেয়ার ক্রয়/তৈরী করা, এবং দোতলার কনফারেন্স রুমের জন্য কয়েকটি চেয়ার ক্রয় করা প্রয়োজন। এছাড়া অফিসের নিচতলায় সেবা প্রার্থীদের জন্য বসার সোফা, উন্মুক্ত পাঠাগারের জন্য বইয়ের তাক এবং পত্রিকা পড়ার জন্য পেপার স্ট্যান্ড ক্রয়/তৈরী করা যেতে পারে। এছাড়া তার রুমের ওয়াল ফ্যান নষ্ট হয়ে যাওয়ায় ৭টি নতুন ফ্যান লাগানো যেতে পারে। এছাড়া এডিস মশার উপদ্রব বেড়ে যাওয়ায় উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, হাসপাতাল, থানা, বাজারসহ বিভিন্ন স্থানে ফগার মেশিন এর মাধ্যমে নিয়মিত মশা নিরোধী ঔষধ স্প্রে করা চালিয়ে যেতে হবে। পরিষদের অভ্যন্তরে ড্রেনের কয়েক জায়গার মাটি ও ময়লা জমে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। জরুরী ভিত্তিতে এগুলো পরিস্কার করা দরকার। এছাড়া স্টেনোর কম্পিউটারের ইউপি এস টি অকেজো হয়ে যাওয়ার নতুন একটি ইউপিএস ক্রয় করা প্রয়োজন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ২টি টেবিল, বেঞ্চ, চেয়ার ক্রয়/তৈরী সেবা প্রার্থীদের বসার জন্য সোফা, পাঠাগারের জন্য বইয়ের তাক ও পেপার ষ্ট্যান্ড, অফিস কক্ষের ফ্যান, মশার উপদ্রবের জন্য ঔষধ ক্রয় ইউপিএস ক্রয় এবং জলাবদ্ধতা দূরীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার,</td>
</tr>
</table>

**জুলাই, ২০২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২১ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর জুলাই/২০২১মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর জুলাই/২০২১মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর জুলাই/২০২১মাসের ভ্রমণ বিল বাবদ ১১,২৫০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জুলাই/২০২১ মাসের ভ্রমণ বিল বাবদ=৬০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জুলাই/২০২০ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ ৩০/০৬/২০২১ তারিখে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তর বাবদ=২৪,৭১,০৯৩/৫৪<br>১৩। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের মে ও জুন/২০২১ মাসের ২টি মিটারের বিদ্যুৎ বিল=৫,৬৪৭/-<br>১৪। মেসার্স নিরিবিলি এন্টার প্রাইজ, দিঘলিয়া খুলনা এর নামে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় উপজেলা পরিষদের অভ্যন্তরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মুরাল নির্মানের জামানতের অর্থ ফেরত বাবদ=৩০,৮৭৪/-<br>১৫। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের মিটারের মে ও জুন/২০২১ মাসের বিদ্যুৎ বিল প্রদান বাবদ=২০,৭৬৭/-<br>১৬। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ০২ টি মিটারের বিদ্যুৎ বিল প্রদান বাবদ=১,৫৫৯/-<br>১৭। আঃ হাকিম মল্লিক অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের পাম্প হাউজের জুলাই/২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ=৮,৩৮৪/- | ২,৫৯,৯৮১/-<br>২৪,৭১,০৯৩/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

তারিখ: ২৬.০৮.২০২১ খ্রি:

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়

মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৪। জেলা প্রশাসক, খুলনা।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৭। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।

০৮। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।

০৯। জনাব ......................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২
unodigholia@mopa.gov.bd